

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
E-mail: dwadhaka@gmail.com.

স্মারকনং- ৩২.০১.০০০০.০০১.১৮.৭৮৬.১৬- ৬৫৭

তারিখঃ- ০৭/০৪/২০১৮

বিষয় : পারিবারিক পেনশন মঞ্জুর প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন কুড়িগ্রাম জেলাধীন ভূরঙ্গামারী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রাক্তন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মরহুম মাইনুল হক গত ২২/০২/২০১৪ তারিখে মৃত্যুবরণ করেন। সেই পরিপ্রেক্ষিতে তাঁর স্ত্রী মোসাঃ তানজিলা ইয়াসমিন পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরের জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। মরহুম মাইনুল হক এর স্ত্রীর দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে উপজেলা মহিলা কর্মকর্তার কার্যালয় এবং উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক প্রাপ্ত শেষ বেতন প্রত্যয়ন পত্র মতে নির্ধারিত বেতনের ৮০% হারে অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুর করা হলো।

০২। তাঁর দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে এবং উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যাশিত শেষ বেতন প্রত্যয়ন পত্রমতে নির্ধারিত বেতনের ৮০% হিসেবে পেনশন ফরমে উল্লিখিত মোট আনুতোষিক বাবদ=১৪,৩০,৭৮৪/- (চৌদ্দ লক্ষ ত্রিশ হাজার সাতশত চুরাশি) টাকা এবং মাসিক অবসর ভাতা বাবদ=৬,২২০.৮০ (ছয় হাজার দুইশত বিশ টাকা আশি পয়সা) টাকা প্রদানের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

০৩। উল্লেখ্য যে, প্রত্যাশিত শেষ বেতন প্রত্যয়ন পত্র এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রেরিত না-দাবী প্রত্যয়ন পত্রমতে তাঁর কাছে সরকারের কোন পাওনা নেই।

সংযুক্তিঃ ১। পেনশন সহজীকরণ নীতিমালার আলোকে  
পেনশন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র-১ সেট।  
২। চাকুরী বহি - ১ টি।  
৩। চাকুরী বিবরণী -১টি।

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।

(সাহিন আহমেদ চৌধুরী  
মহাপরিচালক (অতি:সচিব)  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা  
☎-৮৩১৯১৪৯

স্মারকনং- ৩২.০১.০০০০.০০১.১৮.৭৮৬.১৬- ৬৫৭ (৪)

তারিখঃ- ০৭/০৪/২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৩। মোসাঃ তানজিলা ইয়াসমিন  
স্বামী- মরহুম মাইনুল হক  
প্রাক্তন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।  
বর্তমান+স্থায়ী ঠিকানাঃ-বাড়ী নং-৩৭৩, রামচন্দ্রপুর(টিকাপুড়া);পোঃ-ঘোড়ামারা; থানাঃ-বোয়ালিয়া; জেলাঃ-রাজশাহী।
- ৪। অফিস/ওয়েব কপি।

(শাহীন সুলতানা)

সহকারী পরিচালক (প্রশাঃ-২)  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।  
ফোন-৮৩৫২২৫৬